

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ২৫, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক ও বিক্রয় কর)

আদেশ

ঢাকা, ৪ঠা শ্রাবণ, ১৩৯৪/২১শে জুলাই, ১৯৮৭

নং এস,আর,ও ১৫৪-এল/৮৭/১০৭৯/কাস—Customs Act, 1969 (IV of 1969) এর section 20 এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982) এর section 4(2)তে অর্পিত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মাদার তেরেসা পরিচালিত মিসনারিজ অব চ্যারিটি, ২৬, ইসলামপুর রোড, ঢাকা কর্তৃক উহার সেবামূলক কাজের নিমিত্তে আমদানীকৃত শিশু খাদ্যসহ মিল্ক ফুড, পুরাতন কাপড় এবং ড্রাগস এডমিনিস্ট্রেশনের পরিচালক কর্তৃক অনুমোদিত ঔষধ ও ভিটামিনস-এর উপর প্রদেয় সম্পূর্ণ শুল্ক ও বিক্রয় কর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে মওকুফ করিলেন, যথাঃ

- ১। প্রতিটি চালানের শুল্ক ও বিক্রয় কর মওকুফের জন্য মিসনারিজ অব্ চ্যারিটি সংশ্লিষ্ট কালেক্টর অব্ কাস্টমস্-এর নিকট আবেদন করিবেন;
- ২। আমদানীকৃত দ্রব্যাদি দৃশ্যে শিশু ও জনগণের সেবায় বিনামূল্যে ব্যবহার করিতে হইবে এবং জাতীয় রাজস্ব বোর্ড-এর পূর্বানুমতি ব্যতিরেকে শুল্ক ও কর পরিশোধ না করিয়া বিক্রয় করা হইবে না মর্মে মিসনারিজ অব্ চ্যারিটির স্থানীয় প্রধান সংশ্লিষ্ট কালেক্টর অব্ কাস্টমস্-এর নিকট একটি অংগীকারপত্র দাখিল করিবেন;
- ৩। এই আদেশ জারীর তারিখ হইতে উহার কার্যকারিতা পাঁচ বৎসরের জন্য বলবৎ থাকিবে।

মুহম্মদ মোবারক আলী শেখা

প্রথম সচিব (শুল্ক)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা, কর্তৃক মাদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।